



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া, নারায়ণগঞ্জ।  
lwc.chashara @ gmail.com

নং-৪০.০২.০০০০.৪০৪.৯৯.০০৩.২০.৪৭

তারিখ: ১৮/০৩/২০২০খ্রিঃ

বিষয়ঃ কোভিড-১৯ (করোনা)ভাইরাস সংক্রমণ প্রতিহত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

সূত্রঃ শ্রম অধিদপ্তরের পত্র নং-৪০.০২.০০০০.০৩১.৯৯.০০১.৯২.১৭১.তারিখঃ-১৫/০৩/২০২০ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপি কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণের সাম্প্রতিক প্রভাবে বাংলাদেশেও গত ০৮ মার্চ তারিখে প্রথম ০৩(তিন) জন আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে (তথ্য সূত্র-রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট আইইডিসিআর)। ইতোমধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা করোনা ভাইরাস-কে মহামারী ঘোষণা করেছে। উক্ত পরিপ্রেক্ষিতে, শ্রমঘন শিল্প বিশেষত-তৈরি পোষা, চামড়া ও চামড়াজাত পণ্য, হিমায়িত পণ্য, প্লাস্টিক পণ্য, নির্মাণ ইত্যাদি সেক্টরসমূহে করোনা ভাইরাস এর সংক্রমণ প্রতিহত করার উদ্দেশ্যে আইইডিসিআর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিরোধের লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন করার জন্য মালিকপক্ষকে অনুরোধ করা হয়েছে।

০১. প্রতিষ্ঠানের সকল কর্মীকে দেহে তাপমাত্রা পরিমাপ থার্মাল স্ক্যানার ব্যবহারের মাধ্যমে পরীক্ষা করে কর্মক্ষেত্রে প্রবেশ করানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

০২. তাপমাত্রা স্বাভাবিক এর বেশি হলে এবং সর্দি, কাশি ও শ্বাস প্রশ্বাসে সমস্যা থাকলে অর্থাৎ করোনা ভাইরাস সংক্রমণের উপসর্গ দেখা দিলে তাৎক্ষণিকভাবে উক্ত কর্মীকে বাধ্যতামূলক ছুটি প্রদান করে সংগনিরোধ (Quatantine) এর ব্যবস্থা গ্রহনপূর্বক চিকিৎসার প্রয়োজনীয়র ব্যবস্থা গ্রহন করতে হবে।

০৩. কর্মক্ষেত্রে নিয়মিত বিরতিতে হাত ধোয়া,আইইডিসিআর কর্তৃক নির্দেশিত পন্থায় হাঁচি ও কাশি দেওয়া, করমর্দন বা কোলাকুলি থেকে বিরত থাকা, জনসমাগম পরিহার করা সর্বোপরি পরিষ্কার পরিচ্ছন্ন থাকার বিষয়ে কর্মীগণসহ সকলকে উৎসাহিত ও এ বিষয়ে সহযোগিতা প্রদান করতে হবে।

০৪. কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রমণ প্রতিহত করার জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার কোন বিকল্প নেই। তাই নিজে পরিষ্কার থাকার পাশাপাশি অন্যকেও এ বিষয়ে সচেতন করে তুলতে হবে। যদি সর্দি, কাশ ও শ্বাস প্রশ্বাস অসুবিধা হয় তাহলে দূত অসুস্থ ব্যক্তি চিকিৎসা কেন্দ্রে পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সূত্রোক্ত পত্রের নির্দেশক্রমে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরের ডা.রিফাত মেহজাবীন, সিনিয়র মেডিকেল অফিসারকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনীত করা হলো এবং জরুরী সেবা প্রদানের উদ্দেশ্যে ২৪ ঘণ্টার হট লাইন ফোন নাম্বারসহ নিম্নরূপ কন্ট্রোলরুম চালু করা হলোঃ-

ক্রমিক নং	নাম ও পদবী	মোবাইল নম্বর
০১.	ডা.রিফাত মেহজাবীন সিনিয়র মেডিকেল অফিসার (চ:দা:)	০১৭১৬০১১৪৩২
০২.	নায়েবুলইসলাম ফার্মাসিষ্ট	০১৭২৫১১৮১৬৪
০৩.	কাজী নাজনীন নাহার শ্রম কল্যাণ সংগঠক	০১৭১৭২৮১৩৯৩

এমতাবস্থায়, উপযুক্ত বিষয়ে অত্র পত্রের নির্দেশনা অনুসরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

**আতংক নয়, সচেতনতা জরুরি।**

বিতরণঃ-

ব্যবস্থাপক পরিচালক,

সকল শিল্প কলকারখানা (নারায়ণগঞ্জবিভাগ)

ডা.রিফাত মেহজাবীন  
সিনিয়র মেডিকেল অফিসার (চ.দা.)  
শ্রম কল্যাণ কেন্দ্র, চাষাড়া,  
মোবাঃ- ০১৭১৬০১১৪৩২

**মহা-পরিচালক (অতিরিক্ত সচিব)**

শ্রম অধিদপ্তর

১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

বিজয় নগর ঢাকা-১০০০।